তারিখ 2-1 DEC 1995
পৃষ্ঠা ৯৫ ৩ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

৭৭

## ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্বেগ

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গত মঙ্গলবার এক জরুরী সভায় অর্থনীতি বিভাগের শিক্ষক নুবান আহমেদের উপর হামলার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করিয়াছে। সমিতির সভার সিদ্ধান্ত অনুযায়ী এই ঘটনার প্রতিবাদে শিক্ষক সমিতি ২৩শে ডিসেম্বর বেলা ১২টায় ক্যাম্পাসে মৌন মিছিল বাহির করিবে। সভায় এই ঘটনায় জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

শাস্তির ব্যবস্থা করার আহ্বান জানান হয়। সমিতির সভাপতি এ, টি, এম জহুরুল হক সভায় সভাপতিত্ব করেন।

ডাকসু ভিপি আমানউল্লাহ আমান ও জি এস খায়রুল কবির খোকন এক বিবৃতিতে এই হামলার নিন্দা করিয়াছেন। তাহারা দোষীদের শাস্তি দাবী করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের একশত জন ছাত্র/ছাত্রী এক বিবৃতিতে হামলার ঘটনার নিন্দা প্রকাশ করিয়াছে। তাহারা দেশের সকল নাগরিককে সন্ত্রাসী চক্রের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।